

বাংলাদেশ জাতীয় জাদুঘরের ১১০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে  
'জাদুঘর বা সংগ্রহশালা ইতিহাস ও বিবর্তন: পরিপ্রেক্ষিত বাংলাদেশ জাতীয় জাদুঘর' শীর্ষক  
সেমিনার ও আলোচনা সভা আয়োজন

বাংলাদেশ জাতীয় জাদুঘর জাদুঘরের ১১০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'জাদুঘর বা সংগ্রহশালা ইতিহাস ও বিবর্তন: পরিপ্রেক্ষিত বাংলাদেশ জাতীয় জাদুঘর' শীর্ষক সেমিনার ও আলোচনা সভা আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট ইতিহাসবিদ ও বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিচালনা পর্ষদের সদস্য অধ্যাপক ড. সোনিয়া নিশাত আমিন। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ও বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিচালনা পর্ষদের সদস্য অধ্যাপক মাহফুজা খানম। স্বাগত বক্তব্য প্রদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মোঃ কামরুজ্জামান। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদের সভাপতি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

উল্লিখিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রচার/প্রকাশ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার  
কীপার, জনশিক্ষা বিভাগ  
বাংলাদেশ জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক

-----  
ঢাকা